

Bankura University

BA 3rd Semester (Programme) Examination, 2021

বাংলা

Course Title: বাংলা ব্যাকরণ

Course ID: 30110

Course Code: APBNG-304-SEC-1

সময়: ২ ঘন্টা

পূর্ণমান: ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

পরীক্ষার্থীদের সকল প্রশ্নের উত্তর দিতে হবে।

প্রতিটি প্রশ্নের মান-২ (২ x ২০ = ৪০)

উত্তরপত্রে কেবলমাত্র সঠিক উত্তরটিই লিখতে হবে।

1. নীচের কোনটিকে কণ্ঠধ্বনি বলা হয় ?

- A) হ B) ক
C) ল D) প

2. সম্মুখ স্বরধ্বনি ও উচ্চ স্বরধ্বনি কোনটি ?

- A) এ B) অ
C) ই D) উ

3. ভিন্ন দুটি স্বরধ্বনির সাহায্যে গঠিত স্বরধ্বনিকে বলা হয় --

- A) মৌলিক স্বরধ্বনি B) সংবৃত স্বরধ্বনি
C) প্রসৃত স্বরধ্বনি D) যৌগিক স্বরধ্বনি

4. কম্পিত স্বরধ্বনি কয়টি ও কী কী ?

- A) একটি; র B) একটি; ল

C) দুটি; ড, ঢ

D) দুটি; র, ল

5. বাংলা ব্যঞ্জন ধ্বনি উচ্চারণের সময় সর্বশেষ কোথায় বাধা পায় ?

A) তালুতে

B) দন্তে

C) মূর্ধায়

D) ওষ্ঠে

6. আছিল > ছিল এটি কী জাতীয় ধ্বনি পরিবর্তন ?

A) সমাক্ষর লোপ

B) আদিস্বর লোপ

C) আদি স্বরাগম

D) ব্যঞ্জন লোপ

7. সমীভবন কয় প্রকার ও কী কী ?

A) চার প্রকার; প্রগত, পরাগত, মধ্যগত, অন্যান্য

B) দুই প্রকার; প্রগত ও পরাগত

C) তিন প্রকার; প্রগত, পরাগত, অন্যান্য

D) কোনোটিই নয়

8. রিকসা > রিসকা এই পরিবর্তনকে কী বলে ?

A) স্বরসংগতি

B) স্বরভক্তি

C) সমীভবন

D) বিপর্যাস

9. পূর্ববর্তী স্বরের সঙ্গে পরবর্তী স্বরের সংগতি হলে কী হয় ?

A) প্রগত স্বরসংগতি

B) পরাগত স্বরসংগতি

C) মধ্যগত স্বরসংগতি

D) অন্যান্য স্বরসংগতি

10. বিপ্রকর্ষ কখন হয় ?

A) পাশাপাশি অবস্থিত দুটি সমধ্বনির একটি লোপ পেলো।

B) শব্দের মধ্যবর্তী যুক্তব্যঞ্জন ভেঙ্গে তার মধ্যে স্বরধ্বনির আগম ঘটলে।

C) বিশেষ কিছু ধ্বনি অপর স্বরের সঙ্গে মিশে নতুন রূপ পেলো।

D) দুই ধ্বনির মাঝে 'য়' –এর আগম ঘটলে।

11. 'মন্দির' শব্দে কী ধরণের পরিবর্তন ঘটেছে ?

- A) অর্থসংশ্লেষ
B) অর্থবিস্তার
C) অর্থের উন্নতি
D) অর্থের অবনতি

12. অর্থসংশ্লেষ হয়েছে কোন শব্দটির ?

- A) অর্বাচীন
B) সন্দেশ
C) দুহিতা
D) অন্ন

13. কৃষ্ণ > কেষ্ট এটি বাংলা শব্দভাণ্ডারের কী জাতীয় শব্দ ?

- A) তৎসম
B) অর্ধ তৎসম
C) তদ্ভব
D) অনূদিত

14. তৎসম শব্দ কয় প্রকার ও কী কী ?

- A) তিন প্রকার- অর্ধ তৎসম, সিদ্ধ তৎসম, তদ্ভব B) দুই প্রকার--অর্ধ তৎসম, সিদ্ধ তৎসম,
C) তিন প্রকার --অর্ধ তৎসম, সিদ্ধ তৎসম, অসিদ্ধ তৎসম D) দুই প্রকার --সিদ্ধ তৎসম, অসিদ্ধ তৎসম

15. মিশ্রশব্দ কোনটি ?

- A) ফুলমোজা
B) আদাব
C) হাতঘড়ি
D) সংবাদপত্র

16. 'ছেলেটি বুদ্ধিমান কিন্তু অলস' – এই যৌগিক বাক্যে যে দুটি বাক্য আছে সেগুলি --

- A) একটি সরল বাক্য, একটি জটিল বাক্য।
B) দুটিই জটিল বাক্য।
C) দুটিই সরল বাক্য।
D) একটি সরল বাক্য, একটি মিশ্র বাক্য

17. যে বাক্যে একটি প্রধান খণ্ডবাক্য এবং তার অধীন এক বা একাধিক খণ্ডবাক্য থাকে, তাকে বলে --

- A) সরল বাক্য
B) জটিল বাক্য
C) যৌগিক বাক্য
D) মিশ্রবাক্য

18. 'এমনি করে কালো কোমল ছায়া নামে তমালবনে।' – এখানে বাক্যের বিধেয় অংশ --

- A) ছায়া
B) তমালবনে

C) নামে

D) কালো

19. ‘মানুষকে শক্তি দিতে হলে মানুষকে বিস্মৃত করা চাই।’ – বাক্যটি কী জাতীয় ?

A) সরল বাক্য

B) জটিল বাক্য

C) যৌগিক বাক্য

D) কোনোটিই নয়

20. ছেলেটিকে আপনি অকারণ শাস্তি দিয়াছেন। – বাক্যটি কী জাতীয় ?

A) অস্বার্থক বাক্য

B) স্বার্থক বাক্য

C) অনুজ্ঞাসূচক বাক্য

D) নির্দেশক বাক্য